দৈনিক বাংলা

তারিখ 20 NOV 1986
পৃষ্ঠা 1 কলাম 8

25

# ইউনেস্কোর প্রতিষ্ঠা বার্ষিকীতে এরশাদের বাণী

প্রেসিডেন্ট এরশাদ জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থার (ইউনেস্কো) ৪০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রদত্ত এক বাণীতে বলেন, বাংলাদেশ ইউনেস্কোর নীতিমালার প্রতি পূর্ণ অঙ্গীকার পুনর্ব্যক্ত করছে। খবর তথ্য বিবরণীর।

তিনি বলেন, বাংলাদেশ সর্বদা ইউনেস্কোর কার্যক্রমের প্রতি সর্বাধিক গুরুত্ব দিয়েছে। আমরা আন্তর্জাতিক সহযোগিতা ও সমঝোতা জোরদার করার ক্ষেত্রে এই সংস্থাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## এরশাদের বাণী

(প্রথম পৃঃ পর)

ফোরাম হিসেবে মনে করি।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, ইউনেস্কোর ৪০তম প্রতিষ্ঠা বার্ষিকী বাংলাদেশ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্য তাৎপর্যপূর্ণ। বাংলাদেশ সর্বসম্মতিক্রমে জাতিসংঘ সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হয়েছে এবং জাতিসংঘ ১৯৮৬ সালকে আন্তর্জাতিক শান্তি বর্ষ হিসেবে ঘোষণা করেছে।

তিনি বলেন, বিশ্বকে আরো ভালো ও সুখের স্থান হিসেবে গড়ে তোলার মহান লক্ষ্যের প্রতি আমরা নিজেদের উৎসর্গ করছি।